



স্মারক নং-ই.এন্ড টি.অনু: ৪৯৫ /২০২৪

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ

১৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

## কোটার সাক্ষাৎকার গ্রহণ ও কোটার প্রার্থীদের ট্রান্সক্রিপ্ট জমা সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ইঞ্জিনিয়ারিং কলেজ/ইনস্টিটিউটসমূহে ভর্তির লক্ষ্যে যে সকল প্রার্থী ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ অফিস থেকে বিভিন্ন কোটার আবেদন সংগ্রহ করে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ জমা দিয়েছে, ঐ সকল প্রার্থীদের নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী (মুক্তিযোদ্ধা কোটা, উপজাতি কোটা, ওয়ার্ড কোটা, হরিজন ও দলিত কোটা) ঢাকা বিশ্ববিদ্যালয়ের মোকাররম ভবন এলাকাস্থ উচ্চতর বিজ্ঞান গবেষণা কেন্দ্রের ট্রেনিং রুমে (কক্ষ নং ১১২, নীচতলা) স্বশরীরে উপস্থিত হতে হবে। প্রতিবন্ধী কোটার প্রার্থীদেরকে উক্ত ভবনের ১০ম তলায় (কক্ষ নং ৯১১) উপস্থিত হয়ে ডাক্তারী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। নিম্নোক্ত তারিখ ও সময়ের মধ্যে কোনো প্রার্থী উপস্থিত না থাকলে ঐ প্রার্থীকে অনুপস্থিত হিসেবে বিবেচনা করা হবে এবং অনুপস্থিত প্রার্থী পরবর্তিতে সংশ্লিষ্ট কোটার কোনো প্রকার সুযোগ সুবিধার আওতাভুক্ত হবে না।

তারিখ ও বার	কোটার নাম	সময়	মেধাক্রম	মন্তব্য
বৃহস্পতিবার ১৯/০৯/২০২৪	মুক্তিযোদ্ধা কোটা	সকাল ১০:০০ হতে দুপুর ১২:০০	মেধাক্রম ২৯ হতে ৫৬৪৯ পর্যন্ত	যে সকল প্রার্থী নির্ধারিত ফরম সংগ্রহ করে ডিন অফিসে আবেদন করেছে (১৭৫ জন)।
	উপজাতি কোটা	দুপুর ১২:০০ হতে দুপুর ১২:৩০	১২৯৬, ২২০১, ২৮২১, ৩১৪৯, ৩২০৯, ৩৩০৪, ৩৩৮৮, ৪২৪৮, ৪৬৩৬, ৫২৮৯, ৫৩২৭, ৫৫২০, ৫৫৯০, ৫৬৫৫	যে সকল প্রার্থী নির্ধারিত ফরম সংগ্রহ করে ডিন অফিসে আবেদন করেছে (১৪ জন)।
	ওয়ার্ড কোটা	দুপুর ১২:৩০ হতে দুপুর ০১:০০	৮৮৪, ১৬৯৫, ৪২৭৪, ৪৪৪৮, ৪৪৫৯, ৪৭৮০, ৫২৭৭, ৫২৯৮, ৫৪৯২, ৫৫৫৮	যে সকল প্রার্থী নির্ধারিত ফরম সংগ্রহ করে ডিন অফিসে আবেদন করেছে (১০ জন)।
	হরিজন ও দলিত কোটা	দুপুর ১২:৩০ হতে দুপুর ০১:০০	২১৩১, ২৬৬২	যে সকল প্রার্থী নির্ধারিত ফরম সংগ্রহ করে ডিন অফিসে আবেদন করেছে (২ জন)।
	প্রতিবন্ধী কোটা	দুপুর ২.৩০ হতে বিকাল ৩:৩০	৬০৩, ৭২২, ৭২৯, ১৬৯৭, ২২৪১, ২৮৪৩, ৩১৩৯, ৫১৪৫, ৫৩২৮, ৫৬২৭	যে সকল প্রার্থী নির্ধারিত ফরম সংগ্রহ করে ডিন অফিসে আবেদন করেছে (১০ জন)।

কোটায় সাক্ষাৎকার ও ডিন অফিস-এ ট্রান্সক্রিপ্ট জমা দেওয়ার সময় প্রার্থীদের নিম্নলিখিত কাগজপত্র সঙ্গে আনতে হবে:

সকল কোটার ক্ষেত্রে:

- (ক) ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (খ) এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট (গ) ইন্টারনেটের মাধ্যমে ডাউনলোডকৃত আবেদনকারীর তথ্য ও বিষয় পছন্দক্রম ফরম (Choice Form)-এর কপি (প্রার্থীর স্বাক্ষর ও মোবাইল নম্বরসহ)।

মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের জন্য:

- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্রের মূল কপি।
- নাতি/নাতনীদেবের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক প্রত্যয়নকারী কাগজপত্রের মূল কপি (প্রার্থীর দাদা মুক্তিযোদ্ধা হলে প্রার্থীর পিতার ভোটার আইডি কার্ড এবং এসএসসি পরীক্ষার সার্টিফিকেট/কাবিননামা এবং প্রার্থীর নানা মুক্তিযোদ্ধা হলে প্রার্থীর মাতার ভোটার আইডি কার্ড এবং এসএসসি পরীক্ষার সার্টিফিকেট/কাবিননামা)।
- ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন অথবা মুক্তিযোদ্ধা কমান্ডার কর্তৃক প্রত্যয়নপত্র কর্তৃক প্রত্যয়নপত্রের মূল কপি (মুক্তিযোদ্ধার সাথে প্রার্থীর সম্পর্কের)।

*Chelaman*  
চলমান পাটা-২



## পাতা-২

### উপজাতি কোটার প্রার্থীদের জন্য:

- জেলা প্রশাসক, স্ব-স্ব উপজাতি, ক্ষুদ্র নৃগোষ্ঠী প্রধান কর্তৃক ইস্যুকৃত সনদপত্রের মূল কপি।

### ওয়ার্ড কোটার প্রার্থীদের জন্য:

- ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভাগ/ইনস্টিটিউট/অফিস-এর চেয়ারম্যান/পরিচালক/অফিস প্রধান কর্তৃক প্রত্যয়নপত্রের মূল কপি।


### হরিজন ও দলিত সম্প্রদায় কোটার প্রার্থীদের জন্য:

- জেলা প্রশাসক, হরিজন ও দলিত সম্প্রদায় প্রধান কর্তৃক ইস্যুকৃত সনদপত্রের মূল কপি।

### প্রতিবন্ধী কোটার প্রার্থীদের জন্য:

- জেলা সিভিল সার্জন ও সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত সনদপত্রের মূল কপি।
- সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত প্রতিবন্ধী পরিচয়পত্রের সনদপত্রের মূল কপি।

উল্লেখ্য, ট্রান্সক্রিপ্ট জমা দেওয়ার পূর্বে সকল প্রার্থীকে তার এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্টের পর্যাপ্ত সংখ্যক (কমপক্ষে ২০ কপি) ফটোকপি করে নিজের কাছে রাখতে হবে, যা পরবর্তিতে ভর্তি সংক্রান্ত ও বিভিন্ন কাজে প্রয়োজন হবে।

  
১৫.০৭.২০২৪

(অধ্যাপক ড. উপমা কবির)

ডিন (ভারপ্রাপ্ত)

ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ

এবং

কোঅর্ডিনেটর

প্রযুক্তি ইউনিট ভর্তি পরীক্ষা ২০২৩-২০২৪

ঢাকা বিশ্ববিদ্যালয়

বিঃদ্রঃ মেধায় মনোনীত প্রার্থীদের সাক্ষাৎকার ও ট্রান্সক্রিপ্ট জমা নেওয়ার বিজ্ঞপ্তি পরবর্তীতে পর্যায়ক্রমে প্রকাশ করা হবে। প্রার্থীদেরকে ভর্তি সংক্রান্ত গুরুত্বপূর্ণ সকল তথ্য জানতে ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে কেন্দ্রীয় ভর্তি (অনলাইন) অফিস-এর গুরুত্বপূর্ণ তথ্য এবং প্রযুক্তি ইউনিট-এর সকল নোটিশ নিয়মিত দেখতে হবে।